দৈনিক ইত্তেফাক

তারিখ ... 23 MAY 1993 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৫ ...

## প্রধানমন্ত্রীর ঢাকা বিশ্ববিদ্যালয় আগমন গৌরবের ঘটনা

ডাকসু

ডাকসুর ভিপি আমানউল্লাহ আমান এমপি, জি, এস খায়রুল কবীর খোকন, এ জি এস নাজিম উদ্দিন আলম গতকাল এক বিবৃতিতে বলিয়াছেন, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিশ্ববরেণ্য বিজ্ঞানী প্রফেসর সালামের আগমণকে আমরা স্বাগত জানাই। বাংলাদেশের জন্য প্রফেসর সালামের রহিয়াছে গভীর মমত্ববোধ।

(১১শ পৃ: ৩-এর ক: দ্রঃ)

## ডাকসু

(প্রথম পৃঃ পর)

তাহাকে বিশেষ সম্মান সূচক ডি,এসসি ডিগ্রী প্রদানের সিদ্ধান্ত নিয়া ঢাকা বিশ্ববিদ্যালয় তাহার ঐতিহ্য তুলিয়া ধরিয়াছে। একইভাবে ক্যাম্পাসে চ্যান্সেলর হিসাবে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার আগমনে আমরা গৌরবান্বিত। ক্যাম্পাসে খালেদা জিয়ার আগমন সমগ্র ছাত্রসমাজের গৌরবের ঘটনা। বিবৃতিতে সমাবর্তন অনুষ্ঠান সফল করার জন্য ছাত্র-ছাত্রীদের প্রতি আহ্বান জানান হয়।

ডাকসু মনোনীত ৫ জন সিনেট সদস্য গতকাল একযুক্ত বিবৃতিতে বলিয়াছেন, ক্যাম্পাস কাহারও পৈতৃক সম্পত্তি নয়, অথবা কাহারও অঙ্গুলি হেলনে পরিচালিত হয় না। বরং ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২৮ হাজার ছাত্র-ছাত্রী গণতান্ত্রিক সরকারের প্রধানমন্ত্রীকে আন্তরিক অভিনন্দন জানানোর জন্যই অপেক্ষা করিতেছে। ঢাকা বিশ্ববিদ্যালয়কে নিয়া যাহারা গর্ববোধ করেন তাহাদের পক্ষে সমাবর্তন অনুষ্ঠানকে বানচাল করা বা অনুষ্ঠানের ভাবগাম্ভীর্য হানি করার কর্মকাণ্ডে লিপ্ত হওয়া সম্ভব নয়। বিবৃতিতে স্বাক্ষরদানকারীরা হইলেন: রফিকুল ইসলাম জগলু, হাবিব-উন-নবী সোহেল, শিরীন সুলতানা, আলী আক্কাস নাদিম, শহীদ উদ্দীন চৌধুরী অ্যানী।

মন্টু সমর্থিত ছাত্রলীগ (মি-ন) গতকাল পৃথক সমাবেশে ক্যাম্পাসে প্রধানমন্ত্রীর আগমনকে স্বাগত জানাইয়াছে। সমাবেশে সমাবর্তন অনুষ্ঠান চলাকালে ক্যাম্পাসের শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার আহ্বান জানানো হয়।